জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট।

স্মারক নংঃ - জঃপৌঃসঃ/প্রকৌ/২০২১-২২/ ৫৬৭

তারিখঃ ১৫/১২/ ২০২১

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার ০৯ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ২৩/১২/২০২১ইং তারিখ রোজঃ বৃহস্পতিবার সময়ঃ বেলা ২.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে ০৯ নং ওয়ার্ড কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। মাদক দ্রব্যের কুফল বিষয়ে আলোচনা।
৩। ড্রেন পরিস্কার বিষয়ে আলোচনা
৪। বিবিধ

১৫/১২/২১

(মোঃ হায়দার আলী পলাশ)
সভাপতি
ও
কাউন্সিলর ওয়ার্ড নং-৯
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

..........................................................

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

ওয়ার্ড কমিটি (WC) এর ৫৭ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।
ওয়ার্ড নং- ০৯

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ হায়দার আলী পলাশ, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৯, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ | পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ | ২৩/১২/২০২১ইং। |
| রোজ | ঃ | বৃহস্পতিবার। |
| সময় | ঃ | বেলা ২.০০ ঘটিকা। |

অদ্য ২৩/১২/২০২১ ইং তারিখ রোজঃ বুধবার, সময়ঃ বেলা ২.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে ৯নং ওয়ার্ড কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ হায়দার আলী পলাশ, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৯।
সভার শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে ঃ

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য অত্র কমিটির সদস্য-সচিব মোঃ মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

২ নং আলোচ্য সূচী ঃ মাদকদ্রব্যের কূফল বিষয়ে আলোচনা ঃ

আলোচনা ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ হায়দার আলী পলাশ মাদকদ্রব্যের কূফল বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি মা-বাবাদের সন্তানের প্রতি সর্বদা নজর রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। যাতে তারা মাদকের মরণ ছোবল থেকে দূরে থাকতে পারে। মাদকদ্রব্য নেশা সৃষ্টি করে, সুস্থ মস্তিস্ক বিকৃতি ঘটায়, জ্ঞান ও স্মৃতিশক্তি লোপ করে দেয়, তা হারাম বা নিষিদ্ধ। সেটি মদ, আফিম, তাড়ি, গাঁজা, হাশিশ, হেরোইন, কোকেন, মরফিন, প্যাথেড্রিন যাই হোক না কেন, মাদকদ্রব্য মানুষের শরীরের অনেক ক্ষতি করে থাকে। এটি গ্রহণের ফলে ধীরে ধীরে মানুষের হজমশক্তি লোপ পায়, খাদ্য স্পৃহা কমে যায়, চেহারা বিকৃত হয়ে পড়ে, শরীর খুব দুর্বল হয়ে পড়ে, কোনো কোনো মাদকদ্রব্য কিডনি সম্পূর্ণরূপে নষ্ট করে দেয়। মস্ড্রিষ্কের লাখ লাখ কোষ ধ্বংস করে ফেলে। এটি সেবনের ফলে লিভার সিরোসিস রোগের সৃষ্টি হয়। আর এ রোগগুলোর চিকিৎসা খুবই দুরূহ। অনেক ক্ষেত্রে এসব কারণে মানুষ মৃত্যুর মুখে পতিত হয়। তাই আমরা সবাই মাদক থেকে দুরে থাকবো এবং মাদকের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলবো।

সিদ্ধান্ত ঃ মাদকদ্রব্যের কূফল নিয়ে আইন-শৃঙ্খলা সভায় আলোচনা করে সচেতনতা গড়ে তোলা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩ নং আলোচ্য সূচী ঃ ড্রেন পরিস্কার বিষয়ে আলোচনা ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ হায়দার আলী পলাশ ড্রেন পরিস্কার করার বিষয়ে ব্যাপক আলোচনা করেন। জয়পুরহাট পৌরসভায় আগের যে ড্রেন ছিল তার চেয়ে ড্রেনের পরিমান অনেক বেড়ে গেছে। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ড্রেনগুলো করা হয়েছে। এ জন্য ড্রেন পরিস্কারের কিছু অনিয়ম দেখা যাচ্ছে। এ বিষয় নিয়ে বিষদ আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ হায়দার আলী পলাশ সভায় এ বিষয়ে সবাইকে অবগত করেন যে আগামী মাস থেকে ড্রেনগুলো নিয়মিতভাবে পরিস্কার করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ হায়দার আলী পলাশ)
সভাপতি WC কমিটি
ও ৯নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২১-২০২২

তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ..................., সদস্য, WC কমিটি, ওয়ার্ড নং-০৯
৩। অফিস নথি।

(মোঃ হায়দার আলী পলাশ)
সভাপতি WC কমিটি
ও ৯নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা
# জয়পুরহাট।

## ওয়ার্ড কমিটি (WC), ওয়ার্ড নং ৯- এর
## ৫৭তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর ।

সভাপতি ঃ জনাব মোঃ হায়দার আলী পলাশ, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৯, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ২৩/১২/২০২১ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ বেলা ২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ হায়দার আলী পলাশ | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৯ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ২ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩) জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | [signature] |
| ৩ | মোঃ আলহাজ্ব আব্দুল ওহাব মন্ডল | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৪ | মোছাঃ কলেমা বেগম | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | কলেমা |
| ৫ | মোছাঃ সালমা বেগম | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | সালমা |
| ৬ | অধ্যক্ষ সিরাজ আনোয়ার হায়দার | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | আনোয়ার |
| ৭ | শ্রী স্বপন মহন্ত | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | স্বপন |
| ৮ | মিরাজুল ইসলাম | পেশাজীবি সংগঠন | সদস্য | মিরাজুল |
| ৯ | শিপ্রা মহন্ত | পেশাজীবি সংগঠন | সদস্য | শিপ্রা |
| ১০ | তাসনিয়া সুলতানা | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | Tasnia |